**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**02 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

**==========================================================**

১) রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর দুদিনব্যাপী রাজ্যপালদের সম্মেলনের উদ্বোধন।

২) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ব্যবসায়িক সফলতার জন্য বিভিন্ন ধরনের প্রত্যক্ষ ও পরোক্ষ ব্যবস্থা গ্রহন করেছেন বলে মুখ্য সচিব ড: রবি কোটার মন্তব্য।

৩) রাজ্যের পরিবহন মন্ত্রী কেশব মহন্তের নতুন দিল্লিতে কেন্দ্রীয় ভারী শিল্প মন্ত্রী এইচডি কুমারাস্বামীর প্রতি শিলচরের ন্যাশনাল ইনস্টিটিউট ফর অটোমেটিভ ইন্সপকশন, মেইন্টেনেন্টস অ্যান্ড ট্রেনিংকে - অটোমেটিভ টেস্টিং সেন্টারে উন্নীতকরণের আবেদন।

এবং

৪) প্যারিস অলিম্পিকের সপ্তম দিনে আজ ভারতের অংকিতা ভকত এবং ধীরাজ বোম্বাদেবারার তীরন্দাজীতে দলগত মিক্সড বিভাগের সেমি ফাইনালে প্রবেশ।

--------------------------------------------------------------------------------রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর পৌরহিত্যে দুদিনব্যাপী রাজ্যপালদের সম্মেলন আজ থেকে রাষ্ট্রপতি ভবনে শুরু হয়েছে । শ্রী মতী দ্রৌপদী মুর্মুর পৌরহিত্যে এটি হচ্ছে রাজ্যপালদের প্রথম সম্মেলন । দেশের প্রতিটি রাজ্যের রাজ্যপালদের এই সম্মেলনে

অংশ গ্রহন সহ উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ , ধর্মেন্দ্র প্রধান , অশ্বিনী বৈষ্ণ , ড: মনসুক মান্ডভিয়া অংশ নিচ্ছেন ।

সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেছেন যে আজ সকালে তিনি এই সম্মেলনে উপস্থিত ছিলেন ।তিনি বলেন সম্মেলনে রাজ্যপালরা কিভাবে উন্নয়নে গুরুত্ব আরোপ করা সহ বিভিন্নভাবে সেবা প্রদান করতে পারেন সে বিষয়ে আলোচনা করা হচ্ছে ।

নীতি আয়োগের উপাধক্ষ্য তথা মুখ্য কার্যবাহী আধিকারিক , , প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রবীন আধিকারিক ও স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের কেবিনেট সচিব ও বৈঠকে অংশ নেবেন ।সম্মেলনের কার্যসূচীতে তিনটি ফৌজদারী আইনের রুপায়ন , উচ্চ শিক্ষা ক্ষেত্রের সংস্কার ও বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি ও অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রগুলির উন্নয়ন ইত্যাদি বিষয়গুলি রয়েছে ।বিভিন্ন অভিযানের ক্ষেত্রে রাজ্যপালের ভূমিকা ও রাজ্যে বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার মধ্যে উন্নত সমন্বয়ের মতো অন্যান্য গুরুত্বপূর্ন বিষয় নিয়ে সম্মেলনে আলোচনা করা হবে ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লীতে আয়োজিত আর্ন্তজাতিক কৃষি অর্থনীতিবিদ সম্মেলনের আগামীকাল আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন । এ উপলক্ষে আয়োজিত সভায় শ্রী মোদী সভায় ভাষন দেবেন ।এই ত্রি- বার্ষিক সম্মেলন আগামী ৭ ই আগষ্ট সমাপ্ত হবে ।

---------------------------------------------------------------------------

তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের অধীন প্রেস ইনফরমেশন ব্যুরোর তথ্য পরীক্ষণ গোষ্ঠী ২০১৯ সাল থেকে এ পর্যন্ত মোট ৯ হাজার ৯২২ টি খবর ভূয়ো হিসেবে চিহ্নিত করে বাতিল করেছে । তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড: এল মরুগান আজ রাজ্যসভায় এক পরিপরক প্রশ্নের উত্তরে একথা জানান । ২০১৯ সালে ব্যুরোর তথ্য পরীক্ষণ গোষ্ঠীটি প্রতিষ্ঠা করা হয়েছিল বলে উল্লেখ করে মন্ত্রী বলেন যে দিল্লীতে স্থাপন করা এই গোষ্ঠীটির আঞ্চলিক ভিত্তির কোনো শাখা স্থাপন বিষয়ে সম্প্রতি পরিকল্পনা করা হয়নি ।ভূয়ো খবর সম্পর্কে উত্থাপিত অন্য আরেকটি প্রশ্নের উত্তরে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেন যে সরকারের সংগে সম্পর্কিত যেকোনো বিষয়ের শুদ্ধতার বিষয়টি শুধু সরকার নিশ্চিত করতে পারে । তথ্য পরীক্ষণের বিষয়টি কেন্দ্রীয় সরকারের সংগে সম্পর্কিত বলে ও তিনি জানান ।

---------------------------------------------------------------------------

দেশের ৯৫ শতাংশের ও বেশী গ্রামকে সম্প্রতি থ্রী জি ও ফোর জি মোবাইল সংযোগ ব্যবস্থার মাধ্যমে ইন্টারনেট সেবায় অর্ন্তভূক্ত করা হয়েছে ।সরকারী তথ্যে অনুযায়ী সমগ্র দেশের প্রায় ৬ লক্ষ ৪৪ হাজার টি গ্রামের মধ্যে চলতি বছরের এপ্রিল মাস পর্যন্ত প্রায় ৬ লক্ষ ১৩ হাজার গ্রামকে ইন্টারনেট সেবার অধীনে অর্ন্তভূক্ত করা হয়েছে ।একইভাবে এই সময়কালে ইন্টারনেট সেবা গ্রহণ করা মোট ৯৫ কোটি ৪৪ লক্ষ গ্রাহকের মধ্যে ৩৯ কোটি ৮৩ লক্ষের ও বেশি সংখ্যক গ্রাহক গ্রামাঞ্চলের বলে তথ্যে প্রকাশ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

গৌহাটীতে অনুষ্ঠিত ব্যবসায়িক সফলতার বিষয়ে আই সি সির এমাসের অতিথির উদ্বোধনী অনুষ্ঠানে ভাষন প্রসংগে মুখ্য সচিব রবি কোটা উত্তরপূর্বাঞ্চলে ভারতীয় বানিজ্য মহাসংঘের প্রদান করা প্রচেষ্টা ও অবদানের প্রশংসা করেন । গৌহাটীতে এধরণের অনুষ্ঠান আয়োজন আসামের ব্যবসায়িক পরিবেশের ভবিষ্যত গড়ার জন্য সব আংশীদারকে লক্ষ্য নির্ধারণের সুযোগ প্রদান করবে বলে ড: কোটা মন্তব্য করেন ।তিনি বলেন যে প্রথম দৃষ্টিতে ব্যবসা বিষয়টি অতি সরল মনে হলে ও প্রতিটি উদ্যোগকে সফল করে তোলার ক্ষেত্রে বিস্তৃত কাজের প্রয়োজন ।এই ক্ষেত্রে সরকার ও সব অংশীদারের মধ্যে প্রতিটি স্তরে মত বিনিময় হোয়া অতি গুরুত্বপূর্ন ।ড: কোটা মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ব্যবসায়িক সফলতার জন্য আইন অথবা নীতি নিয়মের সংশোধন করা ছাড়া ও নতুন আইন প্রণয়ন ও অপ্রয়োজনীয় কিছু বিষয় বাতিল করে প্রত্যক্ষ ও পরোক্ষ ব্যবস্থা গ্রহণ করেছেন বলে তিনি উল্লেখ করেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের পরিবহন , তথ্য প্রযুক্তি ,বিজ্ঞান-প্রযুক্তি, এবং জলবায়ু পরিবর্তন ইত্যাদি বিভাগের মন্ত্রী কেশব মহন্ত আজ কেন্দ্রীয় ভারী শিল্প মন্ত্রী এইচ ডি কুমারাস্বামীর সঙ্গে সাক্ষাৎ করেন । সাক্ষাৎকালে শ্রী মহন্ত শিলচরে পরিবহন বিভাগের ব্যবহার করা কেন্দ্রীয় মন্ত্রণালয়টির দ্বারা স্থাপিত ন্যাশনেল ইনস্টিটিউট ফর অটোমেটিভ ইন্সপেকশন ,মেইন্টেনেন্টস এন্ড ট্রেইনিংকে পূর্ন রূপে কর্মক্ষম করে অটোমেটেড টেস্টিং সেন্টারে উন্নীতকরণের অনুরোধ জানান । এছাড়া শিলচরের ধলছড়ায় ন্যাশনেল হিল এরিয়া ড্রাইভিং ট্রেইনিং সেন্টারটি পুনরুজ্জীবিত করার অনুরোধ জানান । কেন্দ্রীয়মন্ত্রী এই অনুরোধের প্রতি ইতিবাচক সাড়া দিয়ে বিষয়টি মন্ত্রণালয় বিবেচনা করবে বলে কেন্দ্রীয় মন্ত্রীকে আশ্বাস প্রদান করেন । সাক্ষাৎ কালে রাজ্যের পরিবহন বিভাগের সচিব আদিল খান এবং পরিবহন আয়ুক্ত মেঘনিধি দাহালও উপস্থিত ছিলেন ।

এদিকে মন্ত্রী রাজ্যের স্থল পরিবহন এবং জল পরিবহন খন্ডের উন্নয়নের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের বিশেষ পৃষ্ঠপোষকতা চেয়ে গতকাল নতুন দিল্লীতে কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গাড়কারি এবং কেন্দ্রীয় বন্দর ,জাহাজ ,পরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের সঙ্গে সাক্ষাৎ করেন ।

---------------------------------------------------------------------------------

আগামী ২২ আগস্ট থেকে আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশন আরম্ভ হবে । বিধানসভা সচিবালয়ের প্রকাশ করা সাময়িক কার্যসূচী অনুসারে অধিবেশন পাঁচদিন চলবে এবং ৩০ শে আগস্ট শেষ হবে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা ব্যাবস্থার আমূল পরিবর্তনের লক্ষ্যে শিক্ষা বিভাগের গ্রহণ করা বিভিন্ন পদক্ষেপের অংশ হিসেবে শীঘ্র হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষা থেকে বিভাগ প্রদানের ব্যাবস্থা বাতিল করা হবে বলে শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু ঘোষণা করেছেন । আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ এবং আজিম প্রেমজি বিশ্ববিদ্যালয়ের সহযোগীতায় গতকাল গৌহাটীতে অনুষ্ঠিত প্রশ্নপত্র প্রস্তুত সম্পর্কীত এক কর্মশালায় উপস্থিত থেকে শিক্ষামন্ত্রী ডা:পেগু বলেন যে ইতিমধ্যে স্থান লাভের ব্যাবস্থা বাতিলের পর আগামি এক -দুই বছরের মধ্যে হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষা থেকে ডিভিশন বা বিভাগের ব্যাবস্থাও বাতিল করা হবে । তিনি বলেন যে হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় কেবল উত্তীর্ণ ও অনুত্তীর্ণের ব্যাবস্থা থাকবে । এছাড়া শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বরও প্রকাশ করা হবে না । ফলাফল ঘোষনার পর ছাত্র ছাত্রীদের প্রমাণপত্র ইত্যাদি ডি জি লকারে উপলব্ধ হবে বলেও তিনি জানান ।

---------------------------------------------------------------------------------

প্যারিস অলিম্পিকের সপ্তম দিন আজ তীরন্দাজীতে অংকিতা ভগত এবং ধীরাজ বোম্মাদেবারা দলগত মিক্সড বিভাগে সেমিফাইনালে প্রবেশ করেছে । এদিকে শুটিংয়ে দুটি অলিম্পিক পদক বিজেতা মনু ভাকরে ২৫ মিটার এয়ার পিস্টল বিভাগে ফাইনালে প্রবেশ করেছে ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের ভিতরগুল ১০ এইচ এ নার্সারিতে আজ সকাল ১১টায় জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদব অমৃত বৃক্ষ আন্দোলনের সূচনা করেন । অনুষ্ঠানের শুরুতে জেলার বন সংরক্ষক চিরঞ্জীব পি জৈন অমৃত বৃক্ষ আন্দোলন-২০২৪ এর পরিবেশ সংরক্ষন ও অর্থনৈতিক উন্নয়নের বিষয়ে আলোচনা করেন । শ্রী জৈন আরো বলেন যে অমৃত বৃক্ষ আন্দোলনের উদ্দেশ্যে হচ্ছে - পরিবেশ উন্নত করা এবং আসামের বৃক্ষ ভিত্তিক অর্থনীতিকে সবল করে তোলা । উল্লেখ্য অমৃত

বৃক্ষ আন্দোলনের মাধ্যমে সমগ্র রাজ্যে তিন কোটী এবং করিমগঞ্জে ৮ লক্ষ গাছের চারা রোপন করার লক্ষ্য নির্ধারন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জেলায় অমৃত বৃক্ষ আন্দোলনের দ্বিতীয় দিন আজ জেলা আয়ুক্তের কার্য্যলয় প্রাঙ্গনে গাছের চারা রোপন করেন । আগামী ১৫ই অগাষ্ট পর্য্যন্ত জেলায় প্রায় পাঁচ লক্ষ গাছের চারা রোপন করার লক্ষ্য নির্ধারন করা হয়েছে । এদিকে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে গাছের চারা রোপনের জন্য চারা বন্টনের কাজ শুরু হয়েছে । বন বিভাগ থেকে ইতিমধ্যে মাটিজুড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে ৬৮০টি , সোনাহর আলী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে ৫৭৫টি , শিবুতার এম ই  স্কুলকে ৪২০টি , নর্থ উজানকুপা প্রাথমিক বিদ্যালয়কে ৩৫০টি , রাঙ্গাউটি গার্লস হাইস্কুলকে ২৮৫টি এবং সরসপুর এম ই স্কুলকে ২৮০টি গাছের চারা বিতরন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় ক্লিনিকেল এস্টাবলিশমেন্ট আইনের অধীনে অ্যান্টি কুয়েকারি ইউনিট পুর্নগঠন করা হয়েছে । করিমগঞ্জের স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলা আয়ুক্তের অনুমোদন ক্রমে এই অ্যান্টি কুয়েকারি ইউনিটে সদস্য হিসেবে কার্য্যবাহী ম্যাজিষ্ট্রেট মানস প্রতিম বংজং , রংবাহন টেরন , প্রবীণ চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডক্টর জীয়াউল করিম ভুইয়া এবং চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডক্টর সুভাশিষ দাস রয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জের খাদ্য ,গনবন্টন ও গ্রাহক বিষয়ক বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে ২০২১ সালের অগাষ্ট  থেকে ২০২৩ সালের অগাষ্ট মাস পর্য্যন্ত জেলার ই-শ্রম কার্ডধারী হিতাধিকারীদের সি ফর্মের মাধ্যমে আগামী এক সপ্তাহের মধ্যে তাদের বিবরন জমা দিতে বলা হয়েছে বলে জেলার তথ্য ও জনসংযোগ বিভাগ থেকে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------আসাম সরকারের শিল্পী পুরষ্কার প্রাপ্ত প্রয়াত সঙ্গীত শিল্পী গোপীকান্ত সিনহার স্মরন সভা আগামী ১০ই অগাষ্ট ভকতপুরের গোপীনাথ জীউ মন্দিরে অনুষ্ঠিত হবে । অম্বিকাপুর গ্রাম পঞ্চায়েতের  পক্ষ থেকে এদিনের স্মরন সভায় সকলকে উপস্থিত থাকার আহ্বান জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী মঙ্গলবার জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে সকাল ১১টায় সৈনিক বন্ধু সভা অনুষ্ঠিত হবে । জেলা আয়ুক্তের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় জেলার প্রাক্তন সেনা কর্মী , সেনা কর্মীদের স্ত্রী ও পরিবারের সদস্যদের যেকোন সমস্যা থাকলে , তা আগামীকালের মধ্যে জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে জানাতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------